# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
## (Bengali)

### কর্মসূচি সম্পর্কে


1. Fair Fares NYC কী? .......... 4
2. Fair Fares NYC (FFNYC) MetroCard থেকে পরিবর্তন হয়ে One Metro New York (OMNY) কার্ডে পরিবর্তন হচ্ছে? .......... 4
3. আমাকে কি আমার FFNYC ডিসকাউন্ট OMNY-তে পরিবর্তন করতে হবে? .......... 4
4. আমি কি MetroCard থেকে OMNY কার্ডে টাকা ট্রান্সফার করতে পারব? .......... 5
5. Fair Fares NYC ছাড় কীভাবে কাজ করে? .......... 5


### যোগ্যতা


6. কারা অংশগ্রহণ করার জন্য যোগ্য? .......... 6
7. আসর বর্তমান MTA Reduced-Fare কর্মসূচীতে অংশগ্রহণ করছে। আসর সক Fair Fares NYC ছাড় পাওয়ার যোগ্য? .......... 6
8. আমার অভিবাসন স্থিতি কি এই Fair Fares NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে? .......... 6


### আপনার Fair Fares NYC ছাড়ের জন্য আবেদন করা এবং তা পাওয়া


9. আমি কীভাবে Fair Fares NYC-এর জন্য আবেদন করতে পারি? .......... 6
10. আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব? .......... 7
11. আমি কতদিন পর্যন্ত Fair Fares NYC কার্যক্রমে অংশগ্রহণ করতে পারি? .......... 7
12. আমি কবে আমার Fair Fares NYC OMNY কার্ড পাব? .......... 7
13. আমার জন্য Fair Fares NYC OMNY কার্ড অনুমোদন করা হয়েছে তবে আমি এখনও সেটি মেলের মাধ্যমে পাইনি। আমার কী করা উচিত? .......... 7
14. nyc.gov/accessfairfares ওয়েবসাইট খুলতে আমার সমস্যা হচ্ছে। আমি কীভাবে সহায়তা পেতে পারি? .......... 7
15. Fair Fares NYC-এর জন্য আবেদন করার প্রক্রিয়া সম্পূর্ণ করতে আমার সহায়তা প্রয়োজন। আমাকে কে সাহায্য করতে পারবেন? .......... 7
16. আমার চিঠিপত্র আমি পোস্ট বক্সে পেয়ে থাকি। আমি কীভাবে আমার Fair Fares OMNY কার্ড পাব? .......... 8
17. আমার ঠিকানা আমি কীভাবে আপডেট করব? .......... 8
18. আমার Fair Fares-এর জন্য করা আবেদন খারিজ করে দেওয়া হয়েছে। আমি কীভাবে আরও তথ্য পেতে পারি? .......... 8

## আবেদনের নথিপত্র কীভাবে জমা দিতে হবে এবং সেই সম্পর্কিত অন্যান্য প্রশ্ন


19. আমার বয়স, NYC-এর আবাসন এবং উপার্জন যাচাই করার জন্য আমার কোন কোন নথিপত্র প্রয়োজন হবে? ..... 8
20. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব? ..... 8
21. আমি নথিপত্রগুলি জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে তা জমা দেওয়া যায়নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি? ..... 8
22. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব? ..... 9
23. নথিপত্র জমা দেওয়ার কোনও সময়সীমা আছে? ..... 9
24. সময় মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে? ..... 9


## আপনার Fair Fares NYC OMNY কার্ড ব্যবহার করা


25. আমার Fair Fares OMNY কার্ড নম্বর আমি কোথায় দেখতে পাব? ..... 9
26. OMNY কার্ড ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর কী এবং আমি এটি কোথায় দেখতে পাব? ..... 9
27. আমার পরিবারের কোনও সদস্য বা আমার কোনও বন্ধু কি আমার Fair Fares NYC OMNY কার্ড (FFOC) ব্যবহার করতে পারবেন? ..... 9
28. আমি কি NYC-এর সব গণ পরিবহণ ব্যবস্থায় আমার Fair Fares OMNY Card (FFOC) ব্যবহার করতে পারব? ..... 10
29. আমার Fair Fares NYC OMNY Card (FFOC) আমি কীভাবে টাকা যোগ করব? ..... 10
30. আমার Fair Fares NYC OMNY Card (FFOC) সাথে আমি কী ফেয়ার ক্যাপ পাব? ..... 10
31. আমাকে কি কোনও OMNY অ্যাকাউন্ট তৈরি করতে হবে? ..... 11
32. আমার থেকে যদি সম্পূর্ণ ভাড়া নেওয়া হয় তাহলে আমার কী করা উচিত? ..... 11
33. আমার OMNY কার্ডে কোনও শুল্ক ধার্য করা হলে (সম্পূর্ণ ভাড়া নেওয়ার থেকে আলাদা কোনও শুল্ক) সেই সম্পর্কে আমার যদি কোনও প্রশ্ন থাকে তাহলে আমি কাকে কল করব? ..... 11


## যোগ্যতা হারানো


34. আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যাতে বলা হয়েছে যে আমি আর যোগ্য না থাকার কারণে আমার নথিভুক্তকরণ শেষ হতে চলেছে। আমার মনে হয় কোনও ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি? ..... 11
35. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে আমার কতদিন লাগবে? ..... 12
36. অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপের কারণে আমার Fair Fares NYC ছাড় বন্ধ হয়ে যাবে বলে আমি একটি বিজ্ঞপ্তি পেলে কী হবে? ..... 12


## কার্ড হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া


37. আমার হারিয়ে যাওয়া বা চুরি হয়ে যাওয়া Fair Fares NYC OMNY কার্ডের পরিবর্তে আমি কতবার নতুন কার্ড নিতে পারব? ..... 12
38. আমার FFNYC OMNY কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে অথবা ক্ষতিগ্রস্ত হলে আমি কী করব? ..... 12
39. আমার ব্যালেন্স নতুন কার্ডে কীভাবে ট্রান্সফার করব? ..... 13

## পুনর্নবীকরণ

40. কতবার আমাকে আমার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে হবে? ...................... 13
41. আমি কীভাবে আমার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে পারি? ......................... 13
42. কখন আমার পুনর্নবীকরণ করানো প্রয়োজন তা কি আমায় জানানো হবে? ................................ 13
43. পুনর্নবীকরণের কোনও সময়সীমা আছে? ........................................................................ 13
44. আমি নির্দিষ্ট সময়সীমার মধ্যে পুনর্ববীকরণ করতে না পারলে কী হবে? ...................................... 14
45. আমি Fair Fares NYC-এর জন্য এখনও যোগ্য কিনা তা কীভাবে জানব? .................................... 14
46. আমি কীভাবে আমার ঠিকানা অথবা গত বছরে পরিবর্তিত হওয়া অন্য কোনও তথ্য আপডেট করবো? ........................................................................................................ 14
47. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না হলে কী হবে? ............................................... 14
48. পুনর্নবীকরণের আবেদনের সাথে আমাকে কী কী নথিপত্র জমা দিতে হবে? ................................ 14
49. পুনর্নবীকরণ করলে কী আমি একটি নতুন Fair Fares NYC OMNY কার্ড পাব? ............................ 14
50. আমার পুনর্নবীকরণের আবেদন অনুমোদিত হওয়ার পরে আমি কি আমার বর্তমান Fair Fares NYC ছাড় ব্যবহার করতে পারব? ................................................................................. 15

## মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড

51. আমার Fair Fares NYC OMNY কার্ডের মেয়াদ কবে উত্তীর্ণ হচ্ছে তা আমি কীভাবে জানতে পারব? ............................................................................................................ 15
52. 30 দিনের আগেই যদি আমার Fair Fares NYC OMNY কার্ডের মেয়াদ শেষ হয়ে যায় তাহলে কী হবে? ............................................................................................................ 15
53. Fair Fares OMNY কার্ডে যদি টাকা থাকে তাহলে কি মেয়াদ শেষ হয়ে যাওয়ার পরেও সেটি ব্যবহার করতে পারব? ................................................................................................ 15

# কর্মসূচি সম্পর্কে

**1. Fair Fares NYC কী?**

Fair Fares NYC হল একটি শহর-ভিত্তিক কর্মসূচী। এটি নিউ ইয়র্কের এমন বাসিন্দাদের পরিবহণ খরচ কমাতে সাহায্য করে যাদের উপার্জন কম। Fair Fares NYC ব্যবহার করে, নিউ ইয়র্ক শহরের যোগ্য বাসিন্দারা সাবওয়ে এবং উপযুক্ত বাস ভাড়ার ক্ষেত্রে 50% ছাড় পান অথবা Access-A-Ride Paratransit ট্রিপে 50% ছাড় পান।

[সবথেকে উপরে ফিরে যান]

**2. Fair Fares NYC (FFNYC) কি MetroCard থেকে One Metro New York (OMNY) কার্ডে পরিবর্তিত হচ্ছে।**

হ্যাঁ। FFNYC আর Fair Fares MetroCards (FFM) পাঠাচ্ছে না। আপনার কাছে FFM থাকলে, নিচে উল্লেখ করাগুলির মধ্যে যেকোনও একটি ঘটা পর্যন্ত আপনি হয়ত এটি ব্যবহার করতে পারবেন (যেটি আগে ঘটবে):

a) কার্ডটির মেয়াদ উত্তীর্ণ হয়ে যাচ্ছে (মেয়াদ শেষ হওয়ার তারিখ কার্ডের পিছন দিকে রয়েছে);
b) কার্ডটি কাজ করা বন্ধ করে দিচ্ছে;
c) কার্ডটি নিষ্ক্রিয় হয়ে যাচ্ছে; অথবা
d) আপনি আর Fair Fares প্রোগ্রামে নথিভুক্ত নেই।

আপনার OMNY কার্ড আপনি এইসব পদ্ধতিতে পাবেন:

- আপনার FFNYC কার্ড পুনর্নবীকরণ করলে, আমরা আপনাকে একটি Fair Fares NYC OMNY Card (FFOC) পাঠাবো।
- আপনি যদি আপনার MetroCard হারিয়ে যাওয়া, চুরি হওয়া, অথবা ক্ষতিগ্রস্থ হওয়ার কথা রিপোর্ট করেন, FFNYC সেটির পরিবর্তে একটি OMNY কার্ড পাঠাবে।
- আপনি ACCESS HRA থেকে যেকোনও সময় MetroCard-এর পরিবর্তে OMNY নিতে পারেন।

[সবথেকে উপরে ফিরে যান]

**3. আমাকে কি আমার FFNYC ছাড় OMNY-তে নিয়ে যেতে হবে?**

হ্যাঁ। OMNY হল নতুন পেমেন্ট পদ্ধতি এবং এটি MetroCard-এর পরিবর্তে ব্যবহৃত হবে। NYC Transit সাবওয়ে এবং স্থানীয় সাবওয়ে, সীমিত এবং Select Bus Service (SBS) বাস, Staten Island Railway, Roosevelt Island Tram এবং Hudson Rail Link বাস পরিষেবার জন্য আপনাকে OMNY ব্যবহার করতে হবে।

**4. আমি কি MetroCard থেকে OMNY-তে টাকা ট্রান্সফার করতে পারব?**

না। আপনি আপনার FFM থেকে FFOC-তে টাকা ট্রান্সফার করতে পারবেন না। তবে, আপনার FFM-এ কোনও ব্যালেন্স থেকে গেলে সেটি আপনার কাছে উপলভ্য থাকবে এবং সাবওয়ে রাইড ও স্থানীয় সীমিত এবং Select Bus Service (SBS) বাস, Staten Island Railway, Roosevelt Island Tram এবং Hudson Rail Link বাস পরিষেবার জন্য আপনি তা ব্যবহার করতে পারবেন।

আপনার MetroCard-এর মেয়াদ শেষ হয়ে যাওয়া বা সেটি বাতিল হয়ে যাওয়ার আগে আপনাকে অবশ্যই তাতে অবশিষ্ট থাকা ব্যালেন্স ব্যবহার করে ফেলতে হবে। আপনি এখন যেভাবে আপনার MetroCard সোয়াইপ বা ডিপ করেন ঠিক সেইভাবেই করুন। আপনি সম্পূর্ণ-ভাড়ার MetroCard অথবা সম্পূর্ণ-ভাড়ার OMNY কার্ড থেকে FFM অথবা FFOC-তে ব্যালেন্স ট্রান্সফার করতে পারবেন না।

**সবথেকে উপরে ফিরে যান**

**5. Fair Fares NYC ছাড় কীভাবে কাজ করে?**

Fair Fares NYC আপনাকে সাবওয়ে, যোগ্য বাস পরিষেবা অথবা Access-A-Ride ভাড়ার ক্ষেত্রে 50% ছাড় দেয়।

- **সাবওয়ে ও বাস**

  আপনার Fair Fares NYC OMNY Card (FFOC) সাহায্যে, আপনি সাবওয়ে এবং যোগ্য বাস পরিষেবা অর্ধেক দামে ব্যবহার করতে পারবেন!

  আপনি Fair Fares NYC-এর যোগ্য হলে এবং আপনি যদি সাবওয়ে এবং বাস পরিষেবায় ছাড়ের বিকল্প নির্বাচন করেন তাহলে শহর আপনাকে FFOC প্রদান করবে। কার্ডে কোনও টাকা থাকবে না। আপনি টাকা যোগ না করা পর্যন্ত আপনার FFOC ব্যবহার করতে পারবেন না।

  আপনি এইসব পদ্ধতিতে আপনার FFOC-তে টাকা যোগ করতে পারবেন:
  - সাবওয়ে স্টেশনে থাকা OMNY ভেন্ডিং মেশিন ব্যবহার করে (শুরু করতে স্ক্রিনে শুধুমাত্র আপনার কার্ডটি ট্যাপ করুন)।
  - কোনও দোকান, ওষুধের দোকান অথবা আপনার এলাকার চেক ক্যাশিং লোকেশন থেকে (আপনার কাছাকাছি এরকম জায়গা খুঁজে পেতে omny.info/retail ওয়েবসাইটে যান)
  - OMNY অ্যাকাউন্ট ব্যবহার করে অনলাইন বা ফোনের মাধ্যমে। omny.info/register ওয়েবসাইটে নিঃশুল্ক অ্যাকাউন্ট তৈরি করুন অথবা 877-789-6669 নম্বরে ফোন করুন।

  আপনার FFOC-তে টাকা যোগ করার পরে, বাস বা সাবওয়ের OMNY রিডারে ট্যাপ করলে এটি বর্তমান ভাড়ার অর্ধেক টাকা কেটে নেবে। প্রতিবার আপনি কার্ড ট্যাপ করার সময় একক রাইডের জন্য আপনার থেকে শুধুমাত্র বর্তমান ভাড়ার মাত্র অর্ধেক ভাড়া নেওয়া হবে। আপনার ব্যালেন্স থেকে ভাড়ার অর্ধেক টাকা কেটে নেওয়া হয়।

- **Access-A-Ride**

  Access-A-Ride (AAR) গ্রাহকরা Fair Fares OMNY কার্ড ব্যবহার করবেন না। ছাড় নিজে থেকেই প্রযোজ্য হয়! AAR কার্ডগুলি (Metropolitan Transportation Authority, MTA) বিতরণ করে। AAR সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে, তাদের ওয়েবসাইট https://new.mta.info/accessibility/access-a-ride দেখুন অথবা 877-337-2017 নম্বরে ফোন করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

## যোগ্যতা

**6. অংশগ্রহণ করার জন্য কারা যোগ্য?**

নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) বাসিন্দারা Fair Fares NYC-এর যোগ্য হতে পারেন যদি:

- বয়স 18 থেকে 64 বছরের মধ্যে হয়।
- তারা Fair Fares NYC কর্মসূচির উপার্জন সংক্রান্ত নির্দেশিকা পূরণ করে এমন কোনও একটি পরিবারে থাকেন।
- সামাজিক পরিষেবা বিভাগ/মানবসম্পদ পরিচালন বিভাগ (Department of Social Services, DSS/Human Resources Administration, DSS/HRA) অথবা NYC-এর অন্য কোনও সংস্থা থেকে গাড়ির সম্পূর্ণ ভাড়া না পেলে; এবং
- Fair Fares NYC সাবওয়ে এবং বাস পরিষেবায় ছাড়ের বিকল্প বর্তমানে নির্বাচন করার যোগ্য না হলে অথবা পরিবহণ সংক্রান্ত অন্য কোনও ছাড়ের কর্মসূচীতে অংশগ্রহণ করলে।

**সবথেকে উপরে ফিরে যান**

**7. আমি বর্তমানে MTA Reduced-Fare কর্মসূচীতে অংশগ্রহণ করছি। আমি কি Fair Fares NYC ছাড় পাওয়ার যোগ্য?**

না। আপনি যদি MTA Reduced-Fare কর্মসূচীতে অংশগ্রহণ করে থাকেন তাহলে আপনি সাবওয়ে এবং বাস পরিষেবায় ছাড় পাওয়ার জন্য MTA Reduced-Fare কর্মসূচী ব্যবহার করতে পারেন। AAR গ্রাহক হলে, আপনি হয়ত শুধুমাত্র AAR-এ ব্যবহার করার উদ্দেশ্যে FFNYC ছাড়ের জন্য আবেদন করতে পারবেন.

আপনি ছাড় সংক্রান্ত MTA-এর অন্যান্য কর্মসূচী সম্পর্কে https://mta.info/reduced-fare থেকে জানতে পারবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**8. আমার অভিবাসন স্থিতি কি এই Fair Fares NYC-তে আমার অংশগ্রহণ করার ক্ষমতাকে প্রভাবিত করবে?**

না। Fair Fares NYC আপনার অভিবাসন স্থিতি সম্পর্কে জিজ্ঞাসা করবে না।

**সবথেকে উপরে ফিরে যান**

## আপনার Fair Fares NYC-এর জন্য ছাড়ের আবেদন এবং তার প্রাপ্তি

**9. আমি কীভাবে Fair Fares NYC-এর ছাড়ের জন্য আবেদন করতে পারি?**

NYC-এর সব বাসিন্দা Fair Fares NYC-এর ছাড়ের জন্য আবেদন করতে পারেন। আরও জানতে ও আবেদন করতে nyc.gov/accessfairfares দেখুন।

আপনার থেকে নিম্নলিখিত বিষয়ে ব্যক্তিগত তথ্য জানতে চাওয়া হতে পারে:

- পরিচয়
- আবাস এবং
- উপার্জন

আপনাকে নথিপত্র জমা দিতে হতে পারে। অনুগ্রহ করে nyc.gov/site/fairfares/faq/faq.page থেকে Fair Fares NYC প্রস্তাবিত নথিপত্রের তালিকা দেখুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**10. আমার আবেদন অনুমোদিত হয়েছে কিনা তা আমি কীভাবে জানতে পারব?**

আবেদন করা এবং প্রয়োজনীয় সব নথিপত্র আপলোড করা হয়ে গেলে, আপনার আবেদন পর্যালোচনা করার জন্য অনুগ্রহ কর আমাদের 30 দিন পর্যন্ত সময় দিন। আপনার আবেদনের স্থিতি পরীক্ষা করার জন্য nyc.gov/accessfairfares থেকে আপনা অ্যাকাউন্টে লগ-ইন করতে পারবেন। আপনার আবেদন পর্যালোচনা করা হয়ে গেলে আমরা ইমেলের মাধ্যমে আপনাকে জানিয়ে দেব।

**সবথেকে উপরে ফিরে যান**

**11. আমি কতদিন পর্যন্ত Fair Fares NYC কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারব?**

আপনার যোগ্যতা বজায় থাকলে, আপনার আবেদন অনুমোদন হওয়ার দিন থেকে এক বছর পর্যন্ত।

**সবথেকে উপরে ফিরে যান**

**12. আমি কবে আমার Fair Fares NYC OMNY কার্ড পাবো?**

আপনার আবেদন অনুমোদন হওয়ার পরে, আপনার Fair Fares NYC OMNY কার্ড পৌঁছে দেওয়ার জন্য অনুগ্রহ করে আমাদের 2 থেকে 3 সপ্তাহ সময় দিন। কার্ডটি মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক পরিষেবার (USPS) মাধ্যমে ডাকযোগে পাঠানো হয়। আপনি যদি Access-A-Ride ছাড় নির্বাচন করে থাকেন, তাহলে আপনি OMNY কার্ড পাবেন না। পরিবর্তে, MTA-এর থেকে আপনি আপনার Access-A-Ride OMNY ID কার্ড পাবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**13. আমার জন্য Fair Fares NYC OMNY কার্ড অনুমোদন করা হয়েছে তবে আমি এখনও সেটি মেলের মাধ্যমে পাইনি। আমার কী করা উচিত?**

আপনাকে অনুমোদন করার পরে যদি 3 সপ্তাহ পেরিয়ে গিয়ে থাকে এবং আপনি তাও আপনার Fair Fares NYC OMNY না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে **311** নম্বরে ফোন করুন অথবা ACCESS HRA-তে রিপোর্ট করে জানান যে আপনি কখনই আপনার কার্ডটি পাননি।

**সবথেকে উপরে ফিরে যান**

**14. nyc.gov/accessfairfares ওয়েবসাইট খুলতে আমার সমস্যা হচ্ছে আমি কীভাবে সহায়তা পেতে পারি?**

nyc.gov/accessfairfares নিয়ে আপনার কোনও প্রযুক্তিগত সমস্যা থাকলে, সহায়তার জন্য অনুগ্রহ করে AccessHRAhelpdesk@hra.nyc.gov তে ইমেল করুন অথবা **311** নম্বরে ফোন করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**15. Fair Fares NYC-এর জন্য আবেদন পূরণ করতে আমার সাহায্যের প্রয়োজন। আমাকে কে সাহায্য করতে পারবেন?**

Fair Fares NYC লোকেশনগুলির যেকোনও একটিতে যান এবং কর্মীরা আপনাকে আবেদন করতে সাহায্য করবেন। nyc.gov/fairfares ওয়েবসাইটে যান এবং Fair Fares NYC লোকেশনের তালিকা পাওয়ার জন্য 'আমাদের সাথে যোগাযোগ করুন' বিকল্পে ক্লিক করুন। আরও তথ্যের জন্য আপনি **311** নম্বরেও ফোন করতে পারেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**16. আমার চিঠিপত্র পোস্ট বক্সে আসে। আমি কীভাবে আমার Fair Fares OMNY কার্ড পাব?**

আপনার আবেদন বা পুনর্নবীকরণ অনুমোদন করা হলে, আপনার Fair Fares NYC OMNY কার্ড আমরা আপনাকে ডাকযোগে এমন একটি পোস্ট বক্সে পাঠাবো যেটি নিউ ইয়র্ক শহরের পাঁচটি বোরোর মধ্যে অবস্থিত।

সবথেকে উপরে ফিরে যান

**17. আমি কীভাবে আমার চিঠি পাঠানোর ঠিকানা আপডেট করব?**

আপনার ঠিকানা আপডেট করতে অনুগ্রহ করে nyc.gov/accessfairfares দেখুন।

সবথেকে উপরে ফিরে যান

**18. আমার Fair Fares-এর আবেদন খারিজ করে দেওয়া হয়েছে। আমি কীভাবে আরও তথ্য পেতে পারি?**

আপনি কর্মসূচির যোগ্যতার প্রয়োজনীয় শর্ত পূরণ না করলে আপনার আবেদনটি খারিজ করে দেওয়া হতে পারে। খারিজ করার কারণ জানতে, আপনি nyc.gov/accessfairfares ওয়েবসাইটে যেতে পারেন।

আপনি Fair Fares NYC-এর জন্য কেন যোগ্য নন তা আপনাকে পাঠানো বিজ্ঞপ্তিতে ব্যাখ্যা করা আছে। আমরা কোনও ভুল করেছি বলে আপনি মনে করলে, অনুগ্রহ করে Fair Fares NYC অফিস লোকেশনে যান অথবা আপনার আবেদন পর্যালোচনা করার অনুরোধ করতে **311** নম্বরে ফোন করুন।

সবথেকে উপরে ফিরে যান

## আবেদনের নথিপত্র কীভাবে জমা দিতে হবে এবং সেই সম্পর্কিত অন্যান্য প্রশ্ন

**19. আমার বয়স, NYC-এর আবাসন এবং উপার্জন যাচাই করার জন্য আমার কোন নথিপত্র প্রয়োজন হবে?**

অনুগ্রহ করে Fair Fares NYC প্রস্তাবিত নথিপত্রের তালিকা nyc.gov/site/fairfares/faq/faq.page থেকে পর্যালোচনা করুন

সবথেকে উপরে ফিরে যান

**20. আমার আবেদনের জন্য আমি কীভাবে নথিপত্র জমা দেব?**

Fair Fares NYC-এর জন্য নথিপত্র আপলোড করার জন্য ACCESS HRA মোবাইল অ্যাপ ব্যবহার করুন। এই ACCESS HRA অ্যাপটি ডাউনলোড করতে nyc.gov/ffdocs লিঙ্কে যান, আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন এবং আপনার নথিপত্র জমা দিন। মোবাইল অ্যাপটি ব্যবহার করতে না পারলে, আপনি কোনও Fair Fares NYC অফিস লোকেশনে এসে সাহায্য নিতে পারেন।

সবথেকে উপরে ফিরে যান

**21. আমি আমার নথিপত্রগুলি জমা দেওয়ার চেষ্টা করেছিলাম, তবে সেটা কার্যকর হয়নি। আমি কীভাবে সহায়তা পেতে পারি?**

আপনার অ্যাকাউন্ট থেকে লগ-আউট করে তারপর আবার লগ-ইন করার চেষ্টা করুন। নথিপত্রগুলি দেখতে পাওয়ার জন্য 15 মিনিট মতো সময় লাগতে পারে। আপনি এখনও সমস্যার সম্মুখীন হলে, সহায়তা পাওয়ার জন্য আপনি কোনও Fair Fares NYC অফিসে আসতে পারেন।

সবথেকে উপরে ফিরে যান

**22. আপনি আমার নথিপত্র পেয়েছেন কিনা তা আমি কী করে জানব?**

আপনার আবেদন সম্পূর্ণ না হলে Fair Fares আপনাকে একটি টেক্সট মেসেজ পাঠাবে। আর কী কী নথিপত্র এখনও প্রয়োজন এবং জমা দেওয়ার সময়সীমা দেখার জন্য nyc.gov/accessfairfares লিঙ্কে গিয়ে আবার আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**23. আমার নথিপত্র জমা দেওয়ার কী কোনও সময়সীমা আছে?**

হ্যাঁ। আবেদন জমা দেওয়ার পরে নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আপনার কাছে 10 দিন সময় থাকে। আপনার আবেদনের স্থিতি জানতে এবং নিজের নথিপত্র জমা দেওয়ার জন্য আর কতটা সময় আছে তা দেখতে nyc.gov/accessfairfares লিঙ্কে গিয়ে আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**24. সময়মতো আমার নথিপত্র জমা না দিলে কী হবে?**

আমরা সময়মতো আপনার নথিপত্র না পেলে, আপনাকে একটি নতুন আবেদন জমা দিতে হবে।

**সবথেকে উপরে ফিরে যান**

## আপনার Fair Fares NYC OMNY কার্ড ব্যবহার করা

**25. আমার Fair Fares OMNY কার্ড নম্বর আমি কোথায় দেখতে পাব?**

আপনার OMNY কার্ডের পিছন দিকে 18-সংখ্যার কার্ড নম্বর দেখতে পাবেন। আপনার এটির একটি রেকর্ড রেখে দেওয়া উচিত।

**সবথেকে উপরে ফিরে যান**

**26. OMNY কার্ড ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর কী এবং আমি সেটি কোথায় দেখতে পাব?**

ট্রানজিট অ্যাকাউন্ট নম্বরটি আপনার OMNY অ্যাকাউন্টের সব অ্যাক্টিভিটির সাথে সংযুক্ত। আপনার কোনও সহায়তা প্রয়োজন হলে OMNY গ্রাহক পরিষেবা বিভাগে আপনাকে এই নম্বরটি জানাতে হতে পারে। Access HRA-তে থাকা আপনার অ্যাকাউন্টে আপনার Fair Fares কার্ড যোগ করার পরে আপনার OMNY অ্যাকাউন্টে ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর দেখতে পাবেন অথবা **311** নম্বরে ফোন করে জানতে পারবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**27. আমার পরিবারের কোনও সদস্য অথবা কোনও বন্ধু আমার Fair Fares NYC OMNY কার্ড (FFOC) ব্যবহার করতে পারবেন?**

না। আপনার FFOC শুধুমাত্র আপনার ব্যক্তিগত ব্যবহারের জন্য। আপনার FFOC আপনি পরিবারের সদস্য অথবা বন্ধুদের সাথে শেয়ার করতে পারবেন না। আপনি কার্ড বা ট্যাপ বিক্রি করতে পারবেন না। আপনি কাউকে কার্ড ধার দিতে পারবেন না। এই নিয়ম লঙ্ঘন করলে তা কার্ডের অপব্যবহার হিসেবে বিবেচিত হবে এবং ফলস্বরূপ আপনার FFOC 60 দিনের জন্য স্থগিত করে দেওয়া হবে। আপনি যদি এই নিয়মটি দ্বিতীয়বার লঙ্ঘন করেন, তাহলে Fair Fares NYC কর্মসূচী থেকে আপনাকে স্থায়ীভাবে নিষিদ্ধ করা হবে।

**সবথেকে উপরে ফিরে যান**

### 28. আমি কি আমার Fair Fares OMNY Card (FFOC) নিউ ইয়র্ক শহরের সব গণপরিবহণ ব্যবস্থায় ব্যবহার করতে পারব?

আপনি আপনার FFOC নিউ ইয়র্ক সিটির সাবওয়ে ও স্থানীয় বাসের পাশাপাশি Staten Island Railway, Roosevelt Island Tram, এবং Hudson Rail Link-এ ব্যবহার করতে পারবেন, এবং এতে আপনার থেকে অর্ধেক ভাড়া চার্জ করা হবে।

Westchester Bee-Line এবং Nassau Inter-County Express (NICE) বাস পরিষেবায় OMNY উপলভ্য হয়ে গেলে, এইসব পরিষেবায় আপনার FFOC ব্যবহার করতে পারবেন এবং এতে আপনার থেকে অর্ধেক ভাড়া চার্জ করা হবে। তবে অনুগ্রহ করে মনে রাখবেন যে, আপনি আপনার FFOC ব্যবহার করে এক্সপ্রেস বাস, Long Island Railroad, Metro North Railroad, PATH এবং JFK AirTrain-এ যাতায়াতের ভাড়াও পরিশোধ করতে পারবেন, কিন্তু সেক্ষেত্রে আপনাকে সম্পূর্ণ ভাড়া দিতে হবে।

**সবথেকে উপরে ফিরে যান**

### 29. আমার Fair Fares NYC OMNY Card (FFOC) কীভাবে টাকা যোগ করব?

আপনার FFOC পেয়ে যাওয়ার পরে সেটিতে কীভাবে টাকা যোগ করবেন তা এখানে উল্লেখ করা হল:

- NYC ট্রানজিট সাবওয়ে স্টেশনে থাকা OMNY কার্ড ভেন্ডিং মেশিনের মাধ্যমে।
- শহর জুড়ে থাকা অংশগ্রহণকারী রিটেল দোকানগুলি থেকে। OMNY রিটেলের লোকেশন জানার জন্য, https://omny.info/retail-locations দেখুন।
- **877-789-6669** নম্বরে OMNY গ্রাহক পরিষেবা বিভাগে ফোন করার মাধ্যমে।
- আপনার রেজিস্টার করা OMNY অ্যাকাউন্টের মাধ্যমে (https://omny.info/register)। এছাড়াও আপনি OMNY অ্যাকাউন্টের মাধ্যমে অটোমেটিক রিলোড সেট-আপ করে পারবেন, যাতে ব্যালেন্সের জন্য আপনাকে কখনও চিন্তা করতে না হয়।

### 30. আমার Fair Fares NYC OMNY Card (FFOC) সাথে কি আমি ফেয়ার ক্যাপ পাব?

হ্যাঁ। আপনি যদি একই FFOC ব্যবহার করে 7-দিনের মধ্যে 12টি পেইড ট্রিপ নেন, তাহলে একই সপ্তাহে আপনার বাকি রাইডগুলি স্বয়ংক্রিয়ভাবে বিনামূল্যে হয়ে যাবে। প্রতিটি পৃথক পেইড রাইডের জন্য আপনাকে অবশ্যই আপনার FFOC ব্যবহার করতে হবে। আপনি যখন স্থানান্তর করবেন তখন আপনাকে অবশ্যই আপনার কার্ড ব্যবহার করতে হবে, তবে এটি 12টি অর্থপ্রদানের রাইডের জন্য গণনা করা হয় না কারণ একটি স্থানান্তর বিনামূল্যে।

**সবথেকে উপরে ফিরে যান**

**31. আমাকে কি একটি OMNY অ্যাকাউন্ট তৈরি করতে হবে?**

হ্যাঁ। এটি ঐচ্ছিক হলেও, OMNY অ্যাকাউন্ট নিরাপদ এবং এটি আপনাকে এগুলি করতে দেয়:

- 7 দিনের ফেয়ার ক্যাপে পৌঁছানোর দিকে আপনার অগ্রগতি ট্র্যাক করতে করা।
- আপনার কার্ড রিলোড করা,
- আপনার পেমেন্ট পদ্ধতি ব্যবস্থাপনা করা,
- অ্যাকাউন্ট বিজ্ঞপ্তি পাওয়া,
- আপনার কার্ড চুরি হলে বা হারিয়ে গেলে অবিলম্বে সেটি ব্লক করা,
- এবং আরও অনেক কিছু!

OMNY অ্যাকাউন্টের জন্য রেজিস্টার করতে, https://omny.info/register অনুগ্রহ করে লিঙ্কে যান।

OMNY অ্যাকাউন্ট রেজিস্টার করার ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হলে, **877-789-6669** নম্বরে ফোন করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**32. ছাড়যুক্ত ভাড়ার পরিবর্তে আমার থেকে সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া হলে আমার কী করা উচিত?**

আপনি এখনও কর্মসূচীটিতে নথিভুক্ত আছেন কিনা তা আপনার Access HRA অ্যাকাউন্ট পরীক্ষা করে দেখুন। আপনি যদি এখনও নথিভুক্ত থাকেন, তাহলে সহায়তার জন্য অনুগ্রহ করে **311** নম্বরে কল করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**33. আমার OMNY কার্ডে ধার্য করা কোনও শুল্ক (সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া ছাড়া) সম্পর্কে আমার কোনও প্রশ্ন থাকলে আমার কাকে ফোন করা উচিত?**

**877-789-6669** নম্বরে ফোন করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

## যোগ্যতা হারানো

**34. আমি একটি বিজ্ঞপ্তি পেয়েছি যাতে বলা হয়েছে যে আমি আর যোগ্য না থাকার কারণে আমার নথিভুক্তি শেষ হয়ে যাচ্ছে। আমার মনে হয় কোনও ভুল হয়েছে। এই বিষয়ে আমি কার সঙ্গে কথা বলতে পারি?**

আপনি যোগ্যতার প্রয়োজনীয় শর্ত পূরণ করতে না পারলে যোগ্যতা হারাতে পারেন। আপনি কেন আর যোগ্য নন তা জানতে nyc.gov/accessfairfares লিঙ্কটি দেখতে পারেন।

আপনি Fair Fares NYC-এর জন্য কেন যোগ্য নন তা আপনাকে পাঠানো বিজ্ঞপিতে ব্যাখ্যা করা আছে এবং কবে আপনার ছাড়ের মেয়াদ শেষ হবে সেই তারিখটি দেওয়া আছে। এই তারিখের পরে, আপনার FFOC ব্যবহার করে কোনও ভ্রমণ করলে সম্পূর্ণ ভাড়া কেটে নেওয়া হবে।

আমরা কোনও ভুল করেছি বলে আপনি মনে করলে, আপনার আবেদন পর্যালোচনা করে দেখার অনুরোধ জানাতে অনুগ্রহ করে Fair Fares NYC-এর কোনো অফিসে দেখা করুন অথবা **311** নম্বরে ফোন করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**35. আমার যোগ্যতা নির্ধারণ পর্যালোচনা করার অনুরোধ করতে কতদিন লাগবে?**

আপনার নথিভুক্তি সমাপ্ত হতে চলেছে জানিয়ে পাঠানো বিজ্ঞপ্তিটি পাওয়ার 14 দিনের মধ্যে আপনাকে অনুরোধ করতে হবে। আপনার থেকে আমরা কোনও উত্তর না পেলে, আপনার ছাড়ের মেয়াদ আপনার বিজ্ঞপ্তিতে নির্দিষ্ট নির্ধারিত তারিখে শেষ হয়ে যাবে।

**সবথেকে উপরে ফিরে যান**

**36. অপব্যবহার অথবা প্রতারণামূলক কার্যকলাপের কারণে আমার Fair Fares NYC ছাড় বন্ধ হয়ে যাবে বলে আপনি কোনও বিজ্ঞপ্তি পেলে কী হবে?**

প্রথমবার কোনও অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপ হলে, আপনার Fair Fares NYC ছাড় স্থগিত করা হবে। আপনার কাছে Fair Fares NYC OMNY কার্ড থাকলে, এটি থেকে সম্পূর্ণ ভাড়া কাটা হবে। আপনি Fair Fares NYC-এর যোগ্যতা হারাবেন এবং আপনি 60 দিনের জন্য Fair Fares NYC-তে অংশগ্রহণ করতে পারবেন না। 60 দিন পেরিয়ে যাওয়ার পরে আপনাকে অবশ্যই পুনরায় আবেদন করতে হবে এবং আবার Fair Fares NYC ছাড় পাওয়ার জন্য আপনাকে যোগ্য হতে হবে।
দ্বিতীয়বার কোনও অপব্যবহার বা প্রতারণামূলক কার্যকলাপ হলে, আপনি কর্মসূচীতে অংশগ্রহণ করার অধিকার স্থায়ীভাবে হারাবেন এবং আপনি আর ছাড় পাবেন না। আপনার কোনও প্রশ্ন থাকলে **311** নম্বরে ফোন করতে পারেন।

**সবথেকে উপরে ফিরে যান**

## হারানো, চুরি যাওয়া, ক্ষতিগ্রস্ত হওয়া কার্ড

**37. আমি কতবার আমার হারানো বা চুরি যাওয়া Fair Fares NYC OMNY কার্ড বদলাতে পারব?**

যে বছর নথিভুক্ত হবেন সেই বছরে মাত্র একবার Fair Fares NYC আপনার হারানো, চুরি যাওয়া অথবা ক্ষতিগ্রস্ত হওয়া কার্ড একবার বদলাবে।

**38. আমার Fair Fares NYC OMNY কার্ড হারিয়ে গেলে, চুরি হয়ে গেলে অথবা ক্ষতিগ্রস্ত হলে আমি কী করব?**

nyc.gov/accessfairfares লিঙ্ক থেকে আপনার Fair Fares অ্যাকাউন্টে লগ-ইন করে 'FFNYC OMNYকার্ড হারানো, চুরি হওয়া অথবা ক্ষতিগ্রস্ত হওয়া সম্পর্কে অভিযোগ করুন; বিকল্পে ক্লিক করুন'। স্ক্রিনে দেখানো নির্দেশাবলী অনুসরণ করুন।

আপনি **311** নম্বরে ফোনও করতে পারেন| আপনি অভিযোগ পেয়ে গেলে, আপনি যোগ্য হলে 2 থেকে 3 সপ্তাহের মধ্যে একটি নতুন Fair Fares NYC OMNY কার্ড পাবেন।

আপনার OMNY অ্যাকাউন্টের মাধ্যমে বা ফোন করে আপনার OMNY কার্ড সম্পর্কে প্রথম অভিযোগ করলে, পরিবর্তে নতুন কার্ড পাওয়ার জন্য Fair Fares-এর কাছে আপনার কার্ড সম্পর্কে আবার অভিযোগ করতে হবে।

**সবথেকে উপরে ফিরে যান**

### 39. আমার ব্যালেন্স নতুন কার্ডে কীভাবে ট্রান্সফার করব?

**877-789-6669** নম্বরে ফোন করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগে ফোন করে আপনার হারিয়ে যাওয়া, চুরি হওয়া অথবা ক্ষতিগ্রস্ত হওয়া কার্ড থেকে ব্যালেন্স আপনার নতুন Fair Fares NYC OMNY কার্ডে ট্রান্সফার করতে পারবেন। আপনার OMNY অ্যাকাউন্টের সাথে সংযুক্ত থাকা ইমেল ঠিকানা আপনাকে অবশ্যই প্রদান করতে হবে। আপনার OMNY অ্যাকাউন্ট না থাকলে, আপনাকে অবশ্যই হারিয়ে যাওয়া OMNY কার্ডের নম্বর অথবা ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর প্রদান করতে হবে। Access HRA অ্যাকাউন্ট থেকে অথবা **311** নম্বরে ফোন করে আপনি আপনার ট্রানজিট অ্যাকাউন্ট নম্বর জানতে পারবেন।

হারিয়ে যাওয়া, চুরি হয়ে যাওয়া OMNY কার্ডের জন্য কোনও টাকা ফেরত দেওয়া হয় না। শুধুমাত্র ব্যালেন্স ট্রান্সফার করা যায়।

**সবথেকে উপরে ফিরে যান**

## পুনর্নবীকরণ

### 40. কত ঘন আমাকে আমার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনরায় নতুন করে করতে হবে?

বছরে একবার আপনাকে আপনার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করতে হবে। আপনার Fair Fares NYC-এর ছাড় পুনর্নবীকরণ করানোর সময় আপনাকে অবশ্যই কর্মসূচীর জন্য যোগ্য হতে হবে।

**সবথেকে উপরে ফিরে যান**

### 41. আমি কীভাবে আমার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করবো?

Fair Fares-এর থেকে পুনর্নবীকরণ করার রিমাইন্ডার পাওয়ার পরে আপনার Fair Fares NYC-এর নথিভুক্তি পুনর্নবীকরণ করার জন্য, nyc.gov/accessfairfares লিঙ্ক থেকে আপনার অ্যাকাউন্টে লগ-ইন করুন। নিরবিচ্ছিন্ন ছাড় পেতে, নথিভুক্তি শেষ হয়ে যাওয়ার অন্তত 30 দিন আগে এটি করুন।

**সবথেকে উপরে ফিরে যান**

### 42. আমাকে কখন পুননর্বীকরণ করেতে হবে তা কি আমাকে জানানো হবে?

হ্যাঁ। আপনার পুননর্বীকরণের সময় হলে আমরা ডাকযোগে এবং টেক্সট মেসেজের মাধ্যমে আপনাকে বিজ্ঞপ্তি পাঠাবো। আপনি Fair Fares NYC-কে যে ঠিকানা দিয়েছেন আমরা সেটি ব্যবহার করব। আপডেট এবং সময়সীমাগুলির জন্য যেকোনও সময় আপনি আপনার Fair Fares NYC-এর হোম পেজে নজর রাখতে পারেন।

**সবথেকে উপরে ফিরে যান**

### 43. পুনর্নবীকরণ করার কি কোনও সময়সীমা আছে?

হ্যাঁ। পুনর্নবীকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি আপনাকে আপনার সময়সীমা দেখাবে। আপনি সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ না করলে, আপনাকে একটি নতুন আবেদন জমা দিতে হবে। আপনার নথিভুক্তি সম্পর্কিত তথ্যের জন্য আপনার Fair Fares NYC অ্যাকাউন্ট দেখুন।

**সবথেকে উপরে ফিরে যান**

**44. আমি সময়সীমার মধ্যে পুনর্বীকরণ করতে না পারলে কী হবে?**

সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ করতে না পরালে, আপনাকে নতুন আবেদন জমা দিতে হবে। এর ফলে আপনার ছাড় পাওয়া সাময়িকভাবে স্থগিত হয়ে যাবে। আপনার অ্যাকাউন্ট সাময়িকভাবে স্থগিত করা হলেও, আপনার Fair Fares OMNY কার্ড ব্যবহার করে ভ্রমণ করলে, আপনাকে সম্পূর্ণ ভাড়া দিতে হবে। আপনি পুনর্নবীকরণ বা পুনরায় আবেদন করা এবং সেটি অনুমোদন হওয়ার পরে আপনি আবার ছাড় পেতে শুরু করবেন।

[সবথেকে উপরে ফিরে যান]

**45. আমি Fair Fares NYC-এর জন্য এখনও যোগ্য কিনা তা কীভাবে জানব?**

আপনার যোগ্যতা সম্পর্কে জানতে nyc.gov/fairfares দেখুন। আপনার Fair Fares NYC কর্মসূচির নথিভুক্তি পুনর্নবীকরণ করার জন্য আপনাকে তখনও Fair Fares NYC-এর যোগ্যতার প্রয়োজনীয় শর্ত পূরণ করতে হবে।

[সবথেকে উপরে ফিরে যান]

**46. আমি কীভাবে আমার ঠিকানা অথবা গত বছরে পরিবর্তিত হওয়া অন্য কোনও তথ্য আপডেট করবো?**

আপনার অনলাইন অ্যাকান্টের মাধ্যমে যেকোনও সময় আপনার চিঠিপত্র পাঠানোর ঠিকানা আপডেট করতে পারবেন। আপনি আপনার পুনর্নবীকরণের আবেদন nyc.gov/fairfares-এ জমা দেওয়ার সময় আপনার প্রোফাইলের অন্যান্য তথ্য আপডেট করতে পারবেন। আপনার মেইলিং ঠিকানা আপডেট করার জন্য আপনি **311** নম্বরে কল করতে পারেন।

[সবথেকে উপরে ফিরে যান]

**47. আমার নতুন ঠিকানা নিউ ইয়র্ক সিটিতে না হলে কী হবে?**

কেবলমাত্র নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা Fair Fares NYC-এর যোগ্য।

[সবথেকে উপরে ফিরে যান]

**48. আমার পুনর্নবীকরণের আবেদনের সাথে আমাকে কী কী নথিপত্র জমা দিতে দিতে হবে?**

অনুগ্রহ করে Fair Fares NYC প্রস্তাবিত নথিপত্রের তালিকা nyc.gov/site/fairfares/faq/faq.page থেকে পর্যালোচনা করুন

[সবথেকে উপরে ফিরে যান]

**49. পুনর্নবীকরণ করলে কি আমি একটি নতুন Fair Fares NYC OMNY কার্ড পাব?**

আপনার কার্ড হারিয়ে, চুরি না হয়ে গেলে অথবা কার্ডের মেয়াদ শেষ হওয়ার সময় না হলে আপনাকে যে Fair Fares NYC OMNY কার্ডটি (FFOC) পাঠানো হয়েছে সেটিই ব্যবহার করা চালিয়ে যাবেন। আপনার FFOC বছরের পর বছর চলতে থাকবে।

[সবথেকে উপরে ফিরে যান]

**50. আমার পুনর্নবীকরণের আবেদন অনুমোদন করার পরে আমি কি আমার বর্তমান Fair Fares NYC ছাড় ব্যবহার করা চালিয়ে যেতে পারব?**

হ্যাঁ। আপনার নথিভুক্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনার বর্তমান Fair Fares NYC ছাড় ব্যবহার করা চালিয়ে যেতে পারবেন (আপনি যোগ্য থাকলে) এমনকি আপনার নথিভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলেও, সম্পূর্ণ ভাড়া দেওয়ার জন্য আপনার OMNY কার্ড ব্যবহার করতে পারবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

## মেয়াদ উত্তীর্ণ হওয়া কার্ড

**51. আমার Fair Fares NYC OMNY কার্ডের মেয়াদ কবে শেষ হচ্ছে তা আমি কীভাবে জানতে পারব?**

মেয়াদ শেষ হওয়ার তারিখ আপনার কার্ডের পিছন দিকে লেখা আছে।

**সবথেকে উপরে ফিরে যান**

**52. আমার Fair Fares NYC OMNY কার্ডের (FFOC) মেয়াদ 30 দিনের মধ্যে শেষ হওয়ার অবস্থায় থাকলে কী হবে?**

আপনার FFOC-এর মেয়াদ শেষ হওয়ার সময়সীমা অনেক বেশি এবং এটি বছরের পর বছর চলে। মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত আপনাকে কার্ডটি ব্যবহার করা চালিয়ে যেতে হবে। আপনি যদি এখনও কর্মসূচীতে নথিভুক্ত থাকেন এবং আপনার বর্তমান FFOC-এর মেয়াদ শেষ হতে বেশি দিন বাকি না থাকে, তাহলে আপনার কার্ডের মেয়াদ শেষ হওয়ার 30 দিন আগে FFNYC অটোমেটিক আপনাকে একটি নতুন কার্ড ডাকযোগে পাঠাবে। পরিবর্তে পাঠানো FFOC পাওয়ার পরে, **877-789-6669** নম্বরে ফোন করে OMNY গ্রাহক পরিষেবা বিভাগের সাথে যোগাযোগ করে আপনার মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়া কার্ড থেকে ব্যালেন্স আপনার নতুন FFOC কার্ডে ট্রান্সফার করতে পারবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**53. মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়া Fair Fares OMNY কার্ডে (FFOC) এখনও ব্যালেন্স থাকলে তা কি আমি ব্যবহার করতে পারব?**

না। মেয়াদ শেষ হওয়ার তারিখ পেরিয়ে যাওয়ার পরে আপনার FFOC কাজ করবে না। আপনার কার্ডের মেয়াদ শেষ হয়ে গেলে, আপনি **877-789-6669** নম্বরে OMNY গ্রাহক পরিষেবা বিভাগে কল করে নতুন কার্ডে ব্যালেন্স ট্রান্সফার করতে পারবেন।

**সবথেকে উপরে ফিরে যান**

**Fair Fares NYC কর্মসূচি সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।**
**Fair Fares NYC কর্মসূচি সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি nyc.gov/fairfares লিঙ্কটি দেখতে পারেন।**